# AKASHVANI (Kolkata)
## Regional News Unit

**Date : 06-09-24** **Desk in Charge :**

**Time : 7-35 A.M.** **Compiling :**

**Opening Announcement –** আকাশবাণী / খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১/ সুপ্রিম কোর্টে, RG KAR-এ কর্তব্যরত অবস্থায় চিকিৎসক পড়ুয়ার ধর্ষণ ও খুনের মামলার শুনানি হবে আগামী সোমবার, ৯'ই সেপ্টেম্বর।

২/ RG KAR-এ মৃতা PGT চিকিৎসক সম্পর্কে সোশ্যাল মিডিয়ায় কিছু আপত্তিকর মন্তব্য নিয়ে কলকাতা হাইকোর্ট, CBI-এর কাছে রিপোর্ট তলব করেছে। মামলার শুনানি আগামী ১৮'ই সেপ্টেম্বর।

৩/ আর্থিক দুর্নীতির তদন্তে এবার ED, সকাল থেকে সন্দীপ ঘোষের বাড়ি গেছে।

৪/ রাজ্য স্তরে আগামী সোমবার মুখ্যমন্ত্রী প্রশাসনিক বৈঠকে বসবেন।

৫/ দুর্গাপুজো কমিটিগুলিকে অনুদান বাড়ানো হলেও, তার সঠিক অডিট না হওয়ার অভিযোগে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চে মামলা দায়ের হয়েছে।

৬/ সিকিমের পাকিয়ং জেলায় এক গাড়ি দুর্ঘটনায় চার সেনা জওয়ানের মৃত্যু।

***************************************************************************

সুপ্রিম কোর্টে, RG KAR-এ কর্তব্যরত অবস্থায় চিকিৎসক পড়ুয়ার ধর্ষণ ও খুনের মামলার শুনানি হবে আগামী সোমবার, ৯'ই সেপ্টেম্বর। গতকাল এই মামলার শুনানি হওয়ার কথা থাকলেও, প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের বেঞ্চ ওই দিন না বসায়, শুনানি পিছিয়ে যায়। এর ফলে সাধারণ মানুষ এবং আন্দোলনরত জুনিয়ার ডাক্তার, সকলেই হতাশ হয়ে পড়েন।

অন্যদিকে, আর্থিক দুর্নীতির তদন্ত সিটের কাছ থেকে সরিয়ে সিবিআই-কে দেওয়া নিয়ে কলকাতা হাইকোর্টের রায়কে চ্যালেঞ্জ জানিয়ে, RG KAR হাসপাতালের তৎকালীন অধ্যক্ষ সন্দীপ ঘোষের আবেদনের শুনানি সুপ্রিম কোর্টে আজ হওয়ার কথা। তাঁকে মত প্রকাশের কোনো সুযোগ না দিয়ে হাইকোর্ট, কেন্দ্রীয় সংস্থার হাতে মামলা হস্তান্তর করেছে বলে সন্দীপ সুপ্রিম কোর্টের দ্বারস্থ হন।

****************************

আর্থিক দুর্নিতীর তদন্তে এবার এনফোর্সমেন্ট নির্দেশালয়-ইডি, আজ সকালে আরজিকরের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের বেলেঘাটার বাড়িতে গেছে। বাড়ীর বাইরে তালা থাকায়, আধিকারিকরা, বাড়ির অন্যান্য সদস্য ও আশেপাশের মানুষদের সঙ্গে যোগাযোগ করছেন।

অন্যদিকে, সন্দীপ ঘোষ ঘনিষ্ট ভেন্ডার বিপ্লব সিং-এর হাওড়ার বাড়ীতে'ও আজ সকাল থেকে ইডি তল্লাশী চালাচ্ছে। জানা গেছে, বিপ্লব সিং ঘনিষ্ঠ কৌশিক নামে এক ব্যক্তি ও আরও বেশ কয়েকজনের খোঁজে ইডি আধিকারিকরা বেরিয়েছেন বলে খবর।

উল্লেখ্য, আর জি করের আর্থিক দুর্নীতি মামলায় সিবিআই ইতিমধ্যেই সন্দীপ ঘোষকে গ্রেপ্তার করেছে। একই মামলায় সঞ্জীব ঘনিষ্ঠ বিপ্লব সিং-ও সিবিআই-এর হাতে গ্রেপ্তার হয়েছে।

****************************

RG KAR-এ মৃতা PGT চিকিৎসক সম্পর্কে সোশ্যাল মিডিয়ায় কিছু আপত্তিকর মন্তব্য নিয়ে কলকাতা হাইকোর্ট, CBI-এর কাছে রিপোর্ট তলব করেছে। মামলার শুনানি আগামী ১৮ই সেপ্টেম্বর।

এক আইনজীবির আবেদনের ভিত্তিতে প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম ও বিচারপতি হিরন্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চ তাঁদের মৌখিক পর্যবেক্ষণে জানান, সোশ্যাল মিডিয়ায় নির্যাতিতার ছবির নীচে কুরুচিকর মন্তব্য করা হয়েছে, যা এই মামলায় হাইকোর্ট ও সুপ্রিম কোর্ট ওই চিকিৎসকের 'পরিচয় গোপন রাখার' নির্দেশ দেওয়ার আগেই ছড়িয়ে পড়ে। ওই আইনজীবি আদালতকে জানান এই কমেন্ট, কে বা কারা করেছে, তা এখনো জানা যায়নি। এব্যাপারে আদালতকে তিনি কলকাতা পুলিশের সাইবার সেলকে তদন্ত করার নির্দেশ দিতে বলেন। ডিভিশন বেঞ্চ জানায়, CBI এ'ব্যাপারে তদন্ত করতে সক্ষম।

এদিকে, অতিরিক্ত সলিসেটার জেনারেল আদালতকে জানান, কেন্দ্রীয় সংস্থাটির আলাদা কোনো সাইবার সেল না থাকায়, রাজ্য পুলিশকেই বিষয়টি দেখার নির্দেশ দেওয়া হোক। তবে, হাইকোর্ট CBI কেই তদন্তের দায়িত্বভার দিলেও, তারা রাজ্য পুলিশের সাইবার সেলের সাহায্য নিতে পারবে বলে জানিয়েছেন।

***************************

স্বাস্থ্য দপ্তর, বর্ধমান মেডিক্যাল কলেজের চিকিৎসক, সন্দীপ ঘোষ ঘনিষ্ঠ বীরূপাক্ষ বিশ্বাস এবং প্রাক্তন RMO অভিক দে-কে সাসপেন্ড করেছে। গতকাল এক নির্দেশিকায় জানানো হয়েছে, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত অবিলম্বে এই সাসপেনশন কার্যকর হয়েছে।

উল্লেখ্য, R G KAR কান্ডে বিতর্কিত বিরূপাক্ষ বিশ্বাসকে বর্ধমান মেডিক্যাল কলেজ থেকে বদলি করা হয় কাকদ্বীপ মহকুমা হাসপাতালে। কিন্তু তাঁর বিরুদ্ধে সাধারণ নাগরিক ও চিকিৎসকরা তুমুল বিক্ষোভ দেখানোয় তিনি সেখানে কাজে যোগ দিতে পারেন নি।

অন্যদিকে, বর্ধমান মেডিক্যাল কলেজের রেডিওলজি বিভাগের RMO অভীক দে-কেও স্বাস্থ্য ভবন অবিলম্বে সাসপেন্ড করার কথা জানিয়েছে আরেকটি নির্দেশিকায়।

***************************

উত্তর ২৪ পরগণার জেলা সদর বারাসাতে গত চৌঠা সেপ্টেম্বর রাতে জুনিয়ার ডাক্তারদের আহ্বানে ‘বিচার পেতে আলোর পথে’ কর্মসূচীতে যোগদানকারীদের মধ্যে যে ১৮ জনকে পুলিশ গ্রেপ্তার করেছিল, গতকাল আদালত তাঁদের জামিন মঞ্জুর করে। বারাসাত ডাক বাংলো মোড় থেকে মিছিল কলোনী মোড়ের দিকে এগিয়ে জাতীয় সড়ক অবরোধ করলে, পুলিশ তাঁদের সেখান থেকে সরিয়ে দেওয়ার চেষ্টা করে। সোশ্যাল মিডিয়ার একটি ভাইরাল ভিডিওতে দেখা যায়, রাস্তায় অবস্থানরত প্রতিবাদীকে পুলিশ টেনেহিঁচড়ে নিয়ে যাওয়ার চেষ্টা করলে, এক মহিলা তাতে বাধা দেন। এরপরেই পাঁচজন মহিলা সহ ১৮ জনকে পুলিশ প্রিজন ভ্যানে তুলে নিয়ে যায়। পুলিশের অভিযোগ, রাত ১০ টা থেকে ১২ টা পর্যন্ত জমায়েতের অনুমতি থাকলেও, তারপরেও জাতীয় সড়কের ওপর আন্দোলনকারীরা অবস্থান শুরু করায়, যান চলাচল স্তব্ধ হয়ে যায়। বারাসাতের SDPO-র নেতৃত্বে অবরোধকারীদের সরিয়ে দিতে পুলিশ পথে নামলে, অবরোধকারীদের সঙ্গে তাঁদের ধস্তাধস্তি শুরু হয়।

এদিকে, ওই ১৮ জনের মুক্তির দাবীতে গতকাল সকাল থেকে উত্তপ্ত ছিল বারাসাত এলাকা। তাঁদের, জামিনে মুক্তি দেবার পর পরিস্থিতি স্বাভাবিক হয়।

অন্যদিকে, ওই রাতেই নাগরিক সমাজের মিছিল থেকে বাড়ি ফেরার পথে এক মহিলার শ্লীলতাহানির অভিযোগে, মদ্যপ এক যুবককে গ্রেপ্তার করা হয়। ওই যুবক মহিলাকে কটুক্তি করায় তাঁর ছেলে প্রতিবাদ জানালে, তাকে রাস্তায় ফেলে মারধোর করা হয়। এবং ওই যুবক মহিলার শ্লীলতাহানির চেষ্টা করে। আশেপাশের মানুষ ছুটে এসে যুবকটিকে হাতেনাতে ধরে ফেলে এবং পুলিশের হাতে তুলে দেয়। মহিলার ছেলেকে বারাসাত হাসপাতালে ভর্তি করা হয়।

***************************

আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালে পড়ুয়া চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনা নিয়ে রাজ্যজুড়ে তোলপাড়ের মাঝেই বিশ্বভারতীতে পড়তে আসা উত্তরপ্রদেশের এক ছাত্রীর রহস্য মৃত্যুকে ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে।

বিশ্বভারতীর শিল্প সদনের ডিজাইনার বিভাগের তৃতীয় বর্ষের ছাত্রী অনামিকা সিং, হঠাৎই অসুস্থ হয়ে পড়ে। ছাত্রী নিবাস কর্তৃপক্ষ, বিশ্বভারতীর নিজস্ব হাসপাতাল পিয়ারসন মেমোরিয়ালে তাকে ভর্তি করে। অবস্থার অবনতি হলে ছাত্রীকে স্থানান্তরিত করা হয় বোলপুর সিয়ান সুপার স্পেশালিটি হাসপাতালে। গত সন্ধ্যায় সেখানেই তাঁর মৃত্যু হয়।

***************************

শিলিগুড়ির মাটিগাড়ায় নাবালিকা স্কুল ছাত্রীকে খুনের ঘটনায় ধৃত মহম্মদ আব্বাসকে, দোষী সাব্যস্ত করেছে আদালত। আজ তার সাজা ঘোষণা।

উল্লেখ্য, গত বছর আগস্ট মাসে মাটিগাড়ার খাপরাইল এলাকায় ওই নাবালিকা স্কুল ছাত্রীর ক্ষতবিক্ষত দেহ উদ্ধার হয়। তদন্তে নেমে পুলিশ এলাকার লেনিন কলোনীর বাসিন্দা মহম্মদ আব্বাসকে গ্রেফতার করে।

***************************

রাজ্য স্তরে প্রশাসনিক বৈঠক করতে চলেছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। সোমবার, ৯ সেপ্টেম্বর নবান্ন সভাগৃহে এই বৈঠক হবে। ওই বৈঠকে মন্ত্রিসভার সব সদস্য, সবকটি দপ্তরের সচিব–সহ বিশেষ সচিব পর্যায়ের সকলে উপস্থিত থাকবেন। রাজ্য পুলিশের DG

রাজীব কুমার, ADG আইন–শৃঙ্খলা মনোজ ভার্মা, কলকাতা পুলিশের নগরপাল বিনীত গোয়েলকে উপস্থিত থাকতে বলা হয়েছে। এছাড়াও, ভার্চুয়ালি সব জেলার জেলাশাসক ও পুলিশ সুপারের উপস্থিত থাকার কথা।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ক্ষমতায় আসার পর থেকেই বছরে দু'বার করে এরকম প্রশাসনিক স্তরে বৈঠক হয়ে আসছে। এই বৈঠকের আগে মুখ্যমন্ত্রী জেলায় জেলায় গিয়ে প্রশাসনিক বৈঠক করে আসেন। সেখানে পূঙ্খানুপুঙ্খভাবে কাজের খতিয়ান নেন তিনি।

***************************

রাজ্য সরকার আধিকারিক ও কর্মীদের পদোন্নতি সংক্রান্ত মন্ত্রী পর্যায়ের কমিটির মেয়াদ বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে। ডাইরেক্টরেট ও আঞ্চলিক পর্যায়ের কর্মী- আধিকারিকদের পদোন্নতি সহ চাকরি সংক্রান্ত বিভিন্ন বিষয় খতিয়ে দেখার জন্য অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্যের নেতৃত্বে গত বছরের সেপ্টেম্বর মাসে মন্ত্রী পর্যায়ের বিশেষ কমিটি গঠন করেছে রাজ্য সরকার। ৬ মাসের মধ্যে ওই কমিটিকে রিপোর্ট দিতে বলা হয়েছিল। সেই সময়সীমা গত ১০ মার্চ শেষ হয়ে গিয়েছে। রাজ্য সরকারের কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার দফতর বিজ্ঞপ্তি জারি করে কমিটির মেয়াদ আগামী বছরের ৩১ জানুয়ারি পর্যন্ত বাড়ানোর কথা জানিয়েছে।

প্রসঙ্গত, কর্মীদের পদোন্নতির পথ মসৃণ করার জন্য সরকার বেশ কিছু ব্যবস্থা নিয়েছে। সচিবালয়ের কর্মীরা আগে থেকেই পদোন্নতির ক্ষেত্রে বেশি সুবিধা পেতেন। বাকি দুই কর্মীদেরও একই রকম সুযোগ সুবিধার আওতায় আনতেই এই কমিটি গঠন করা হয়েছে বলে জানা গেছে। চন্দ্রিমা ভট্টাচার্য ছাড়াও বেশ কয়েকটি দফতরের মন্ত্রী ও সচিবরা ওই কমিটিতে রয়েছেন।

***************************

দুর্গাপুজো কমিটিগুলিকে অনুদান বাড়িয়েছে রাজ্য সরকার, কিন্তু সঠিকভাবে তার অডিট হচ্ছে না। এই অভিযোগে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানমের ডিভিশন বেঞ্চে মামলা দায়ের হয়েছে। এ ব্যাপারে রাজ্যকে নোটিশ পাঠিয়েছে আদালত।

উল্লেখ্য, গতবারের ৭০ হাজার টাকা থেকে বাড়িয়ে এবার ৮৫ হাজার টাকা করে পুজো কমিটিগুলিকে দেওয়ার কথা ঘোষণা করেছিলেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি।

আর জি কর কাণ্ডের প্রতিবাদে এরইমধ্যে বেশ কিছু পুজো কমিটি অনুদান না নেওয়ার কথা জানিয়েছে।

**************************

পশ্চিমবঙ্গ শিল্পোন্নয়ন নিগমের নতুন চেয়ারম্যান হলেন আলাপন বন্দোপাধ্যায়। ম্যানেজিং ডিরেক্টর হলেন বন্দনা যাদব। এর আগে নিগমের ম্যানেজিং ডিরেক্টর পদে ছিলেন রোশনি সেন। শিল্প দপ্তরের সচিবের দায়িত্বে থাকা বন্দনা যাদবের এটি অতিরিক্ত দায়িত্ব। রোশনি সেনের হাতে পশ্চিমবঙ্গ শিল্পোন্নয়ন নিগমের ম্যানেজিং ডিরেক্টরের দায়িত্ব আসার আগে, বন্দনা যাদবই এই পদে ছিলেন।

উল্লেখ্য, রাজ্যের শিল্পোন্নয়নে আলাপন বন্দোপাধ্যায়ের অভিজ্ঞতাকে কাজে লাগাতেই তাঁকে চেয়ারম্যান করা হলো বলে ওয়াকিবহাল মহলের ধারণা।

**************************

সিকিমের পাকিয়ং জেলার দালাপচাঁদ ফটকের কাছে এক সড়ক দুর্ঘটনায় ৪ সেনা কর্মীর মৃত্যু হয়েছে। গতকাল কালিম্পং এর পেডং থেকে জুলুক যাবার পথে, রেনক-রংলি রাজ্য সড়কে গাড়িটি রাস্তা থেকে ছিটকে প্রায় ৭০০ থেকে ৮০০ ফিট নীচে খাদে পড়ে যায়। মৃত্যু হয় চালকসহ ৪ জওয়ানের। এদের মধ্যে রয়েছেন, মধ্যপ্রদেশের বাসিন্দা চালক প্রদীপ প্যাটেল, মনিপুরের ক্রাফটসম্যান w পিটার, হরিয়ানার বাসিন্দা Naik Gursev Singh এবং তামিলনাড়ুর সুবেদার K Thangapandi । এঁরা সবাই বিন্নাগুড়ির এনরুট মিশন কমান্ড, ইএমসি ইউনিটের সদস্য।

সিকিমে, এর আগেও একাধিক দুর্ঘটনা ঘটেছে। সিংটামের কাছে নিয়ন্ত্রণ হারিয়ে কলকাতার পাঁচ পর্যটককে নিয়ে যাবার সময়, সাংখোলার কাছে নিয়ন্ত্রণ হারিয়ে নদীতে পড়ে গেলে ঘটনাস্থলেই মৃত্যু হয় গাড়ির চালক সহ দুজনের।

**************************

ওড়িশায় বার্ড ফ্লু-র সংক্রমণ ছড়িয়ে পড়ায়, সেখান থেকে পোল্ট্রিজাত সামগ্রী আমদানির ওপর নিষেধাজ্ঞা জারি করেছে রাজ্য সরকার। ওড়িশা থেকে আপাতত পোল্ট্রিজাত কোনো সামগ্রী এরাজ্যে ঢুকতে দেবে না প্রসাশন। প্রাণী সম্পদ উন্নয়ন দফতরের এক আধিকারিক জানিয়েছেন, পশ্চিমবঙ্গের পোল্ট্রি শিল্পের ব্যাপ্তি অনেক বেশি। ওড়িশার বার্ড ফ্লু যাতে কোনওভাবেই এখানে ঢুকতে না পারে, তার জন্য আগামী দু' সপ্তাহ এই নিষেধাজ্ঞা বহাল রাখা হবে। ফ্লু কবলিত এলাকা থেকে ডিম, মুরগী কোনওভাবেই যাতে এ রাজ্যে প্রবেশ করতে না পারে, সেজন্য দুই রাজ্যের সংযোগকারী সব রাস্তায় নাকা চেকিং-এর ব্যাস্থা করা হয়েছে। নবান্ন সূত্রে খবর, পশ্চিমবঙ্গে বার্ড ফ্লু-সংক্রমণের খবর নেই। এখানকার পোল্ট্রি শিল্প পুরোপুরি নিরাপদ। কিন্তু যেহেতু পড়শি রাজ্যের কয়েকটি জায়গায় ওই ফ্লু-র প্রাদুর্ভাব দেখা দিয়েছে তাই 'পোল্ট্রি ফেডারেশন'-এর পরামর্শ মেনে সতর্কতা অবলম্বন করা হচ্ছে।

*********************************************************************